

শাবিপ্রবির নতুন প্রো-ভিসি অধ্যাপক ড. কবীর হোসেন

অনলাইন রিপোর্টার

প্রকাশিত: ১৭:০৮, ১০ জুলাই ২০২৩



অধ্যাপক ড. কবীর হোসেন

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) নতুন প্রো-ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মো. কবীর হোসেন। বর্তমানে শাবি শিক্ষক সমিতির সভাপতি ও মেডিকেল প্রশাসক হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি।

সোমবার (১০ জুলাই) সকালে উপসচিব মোছা. রোখছানা বেগম স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ আদেশ জারি করা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলর মো. শাহবুদ্দিনের অনুমোদনক্রমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮৭ এর ধারা ১৩ (১) অনুযায়ী পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. মো. কবির হোসেনকে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস-চ্যান্সেলর পদে যোগদানের তারিখ হতে ৪ (চার) বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।

প্রো-ভাইস চ্যান্সেলর পদে কর্মরত থাকাকালীন তিনি বর্তমান পদের সম্পরিমাণ বেতন ভাতাদি পাবেন। তিনি প্রো-ভাইস চ্যান্সেলর পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আইন সংবিধি দ্বারা নির্ধারিত ও উপাচার্য কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করবেন।

রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

ড. মো. কবির হোসেন বলেন, রাষ্ট্রপতি আমাকে যে দায়িত্ব দিয়েছেন তা আমি যথাযথ পালন করবো। বিশ্ববিদ্যালয় এবং শিক্ষার্থীদের স্বার্থে সহকর্মীদের নিয়ে শিক্ষা এবং গবেষণার মান উন্নয়নে কাজ করবো।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের দায়িত্বে রয়েছেন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

এমএস